

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)



স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৭৭৪.১৪- ৫৮২


তারিখঃ ০২/০২/২০২১ খ্রিঃ

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি নিম্নোক্ত অফিস শৃঙ্খলা পরিপন্থী কার্যক্রমের সঙ্গে জড়িত রয়েছেন মর্মে সংশ্লিষ্ট উপজেলা কর্মকর্তা নিশ্চিত করেছেনঃ

- ১) প্রতিনিয়তই অফিসে গমন ও প্রস্থানের সময়সূচি না মানা;
- ২) কর্তৃপক্ষ কর্তৃক বৈধ কারণে হাজিরা খাতায় অনুপস্থিত দেখালে অনুমতি ব্যতীত তার উপর স্বাক্ষর করা; যা কর্তৃপক্ষকে অবমাননার শামিল।
- ৩) কর্তৃপক্ষকে না জানিয়ে বিগত ১৯/০১/২০২১ খ্রিঃ তারিখ হতে ২৮/০১/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত কর্মস্থলে অনুপস্থিত থাকা;
- ৪) প্রত্যেক সদস্যর কাছ হতে ঋণের খরচ বাবদ ৫০/- টাকা নেয়ার অভিযোগের বিষয়ে জানতে চাইলে কর্তৃপক্ষের সঙ্গে অসদাচারন ও উদ্ধতপূর্ণ আচরণ করা;
- ৫) দায়িত্বে অবহেলা করে যথাযথ তদারকি না করায় অনিয়মতান্ত্রিকভাবে ঋণ বিতরণ এর কারণে মেয়াদোত্তীর্ণ খেলাপী হয়েছে;

২। এমতাবস্থায়, কর্মসূচি বাস্তবায়নের স্বার্থে কর্তৃপক্ষকে অবমাননাসহ অসদাচারন ও উদ্ধতপূর্ণ আচরণ এবং অফিস শৃঙ্খলা পরিপন্থী কার্যক্রমের জন্য কেন কর্মসূচিতে স্থানান্তর আদেশের ২(ঘ) শর্তানুযায়ী কর্মসূচির চুক্তিভিত্তিক নিয়োগ হতে আপনাকে অপসারণ করা হবে না তার জবাব ০৭(সাত) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের জন্য বলা হলো।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
কর্মসূচি পরিচালক,  
ইরেসপো, বিআরডিবি, ঢাকা

জনাব সুখেন্দু এদবর  
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা  
ইরেসপো, বিআরডিবি,  
বাবুগঞ্জ, বরিশাল

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ বরিশাল।
২. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ বাবুগঞ্জ জেলাঃ বরিশাল।
৪. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।